

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১২১.২০১৫-১২১৭

তারিখ : ২৬ জুলাই, ২০১৬

বিষয়: সিরাজগঞ্জ জেলার সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর আর্থিক ক্ষমতা প্রদান।

সূত্র : ১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১২১.২০১৫-৯৪; তারিখ: ২৪ জানুয়ারি, ২০১৬।

সূত্র : ২। জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ-এর স্মারক নং-০৫.৫০.৮৮০০.০০৫.৩৪.০০৬.১৬-৪৫৫; তারিখ: ১১ জুলাই, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিশ্লেষ্ণিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ রিয়াজ উদ্দিন জেল হাজতে থাকায় তার অনুপস্থিতকালীন সময়ের জন্য উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ী উক্ত উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-২ বেগম মোছা: সাবিনা ইয়াসমিন (হাসি), মহিলা ভাইস চেয়ারম্যানকে বর্ণিত উপজেলা পরিষদ চেয়ারম্যানের আর্থিক ক্ষমতা ১নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রদান করা হয়। উক্ত বিধিমালা অনুযায়ী শুধুমাত্র সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুপস্থিতকালীন সময়ের জন্য প্যানেল চেয়ারম্যান-২ কে আর্থিক ক্ষমতা প্রদান করায় নতুন করে বর্ণিত উপজেলা পরিষদ চেয়ারম্যানকে আর্থিক ক্ষমতা প্রদানের প্রয়োজনীয়তা নেই। ২নং সূত্রোক্ত পত্রের তথ্যমতে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ রিয়াজ উদ্দিন বর্তমানে কর্মস্থলে উপস্থিত আছেন, বিধায় তিনি উক্ত উপজেলা পরিষদের সকল প্রশাসনিক ও আর্থিক কার্যাবলী সম্পাদন করতে পারবেন।

J. Min
26/07/2016
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।

অনুলিপি:

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।